

বিজ্ঞপ্তি

খ-ইউনিট

বিভাগ পরিবর্তন (আসন খালি সাপেক্ষে)

শিক্ষাবর্ষ ২০২১-২০২২

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের বিভিন্ন বিভাগে, আইন অনুষদের আইন বিভাগে, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভূগোল ও পরিবেশ বিভাগে, জীব বিজ্ঞান অনুষদের মনোবিজ্ঞান বিভাগে, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের ভাষা শিক্ষা এবং সামাজিক বিজ্ঞান ও বিশেষ শিক্ষা, আধুনিক ভাষা ইনস্টিটিউটের BA Honours in English for Speakers of Other Languages (ESOL), BA Honours in French Language and Culture (FLC), BA Honours in Chinese Language and Culture (CLC) ও Japanese Language and Culture (JLC) বিষয়ে এবং সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটে এবং ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটে যে সকল ছাত্র / ছাত্রী খ-ইউনিটের মাধ্যমে ভর্তি হয়েছে তাদের মধ্য থেকে সর্বশেষ বারের মতো বিভাগ পরিবর্তনে আগ্রহী শিক্ষার্থীদেরকে ২৮ সেপ্টেম্বর ২০২২ থেকে ০৪ অক্টোবর ২০২২ তারিখের মধ্যে প্রতিদিন সকাল ৯.৩০ টা থেকে অপরাহ্ন ৩.৩০ টা পর্যন্ত আবেদনপত্র সংগ্রহ ও জমা দিতে বলা হচ্ছে।

এই প্রক্রিয়ার জন্য নির্ধারিত ফিস কলা অনুষদের ডিন অফিসের ১০০৪ নম্বর কক্ষে (নিচ তলা) জমা দিয়ে রেজিস্টারে নাম অন্তর্ভুক্ত করে বিভাগ-পরিবর্তনের আবেদনপত্রের ফরম সংগ্রহ করা যাবে। আগামী ০৪ অক্টোবর ২০২২ তারিখের পর কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।

আসন খালি হলে বা থাকলে শুধু ভর্তি-পরীক্ষায় প্রাপ্ত মেধাঙ্কোরের ভিত্তিতে এবং অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে (ভর্তি-নির্দেশিকায় উল্লেখিত) বিষয় পরিবর্তনের অনুমতি দেয়া হবে। কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীরা এবং থিয়েটার এন্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, সংগীত বিভাগ ও নৃত্যকলা বিভাগে ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরা সংশ্লিষ্ট বিভাগের শর্তনুযায়ী বিভাগ পরিবর্তন করার সুযোগ পাবে না। আরও উল্লেখ্য যে, যখনই পরিবর্তনের মাধ্যমে শূন্য আসন পূরণ হবে তখন এ কার্যক্রম বন্ধ হয়ে যাবে।

এক কপি ছবি, মূলনম্বরপত্রী ও ভর্তির পে-ইন-স্লিপ-এর ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করে জমা দিতে হবে।

বিশেষভাবে মনে রাখা প্রয়োজন যে, কোনো ছাত্র / ছাত্রী বিভাগ পরিবর্তন করার অনুমতি পেলে তার খালি আসনটি আরেকজনকে প্রদান করে পূরণ করা হয়, কাজেই বিভাগ পরিবর্তনের অনুমতিপ্রাপ্ত শিক্ষার্থীরা কোনো অবস্থাতেই পুনরায় পূর্ববর্তী বিভাগে প্রত্যাবর্তন করতে পারবে না।

(অধ্যাপক ড. আবদুল বাছির)

ডিন, কলা অনুষদ

মেমো নং-কঅডি ৪৫৬৩-৪৬২২/২০২২-২০২৩

তারিখ : ২৫-০৯-২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট অনুলিপি প্রেরিত হলো :

- ১। কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের সকল বিভাগ, আইন অনুষদের আইন বিভাগ, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ভূগোল ও পরিবেশ বিভাগ, জীব বিজ্ঞান অনুষদের মনোবিজ্ঞান বিভাগ-এর চেয়ারম্যান এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট, সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউট, আধুনিক ভাষা ইনস্টিটিউট, স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউট এবং ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের-এর পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়
- ২। সামাজিক বিজ্ঞান, আইন, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস এবং জীব বিজ্ঞান অনুষদের ডিন মহোদয়গণ
- ৩। এ বিজ্ঞপ্তির অনুলিপি বিভাগীয় নোটিশ বোর্ডে দেয়ার ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।

(অধ্যাপক ড. আবদুল বাছির)

ডিন, কলা অনুষদ